নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫৩ ০২ সেপ্টেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে বন বিভাগের গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বন বিভাগের পক্ষ থেকে এক হাজার গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (০২ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা চাই আমাদের প্রিয় প্রাঙ্গণ সবুজে সবুজে সুশোভিত থাকুক। এ বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে উপকূলীয় এলাকায় লবণাক্ততাসহ অন্য পরিবেশগত যে সমস্যগুলো রয়েছে তার সমাধান হবে। নোবিপ্রবিকে এক হাজার গাছের চারা প্রদানের জন্য বন বিভাগকে ধন্যবাদ জানাচ্ছি। প্রতিটি চারা সুশৃঙ্খলভাবে আমাদের এস্টেট এন্ড হাউজিং শাখা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত স্থানে রোপণ করবে এবং এর মাধ্যমে আমরা একটি গ্রিন ক্যাম্পাস গড়ে তুলবো।

বিশ্ববিদ্যালয়ের এস্টেট এন্ড হাউজিং শাখার আয়োজনে অনুষ্ঠিত উক্ত কর্মসূচিতে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপকূলীয় বন বিভাগ নোয়াখালীর বিভাগীয় বন কর্মকর্তা আবু ইউছুপ ও উপকূলীয় বন বিভাগের ওয়াইল্ড লাইফ এন্ড বায়োডাইভারসিটি কনজারভেশন কর্মকর্তা ইব্রাহিম খলিল ও নোবিপ্রবি এস্টেট এন্ড হাউজিং শাখার ম্যানেজার ড. আ.স.ম. শরিফুর রহমান।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪